

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.১৩.০১০(অংশ-১).১৬- ৪৮৭

তারিখঃ ২৭/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন ওয়ার্কশপ সুপার (মেকানিক্যাল), জনাব প্রশান্ত কুমার বিশ্বাস এর অবসর ভাতা ও এককালীন আনুতোষিক মঞ্জুরী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন খুলনা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন ওয়ার্কশপ সুপার (মেকানিক্যাল), জনাব প্রশান্ত কুমার বিশ্বাস এর মূল বেতন ই এল পি সি অনুযায়ী ৪৭,৬০০/- (সাতচল্লিশ হাজার ছয়শত) টাকা। ৪৭,৬০০/- টাকা এর ৯০% হিসাবে পেনশন বাবদ মোট (৪৭,৬০০ × ০.৯০) = ৪২,৮৪০/- টাকা তিনি প্রাপ্য। তিনি সম্পূর্ণ পেনশনের বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

মোট অবসর ভাতার অর্ধাংশ (৪২,৮৪০ × ০.৫০) = ২১,৪২০/- টাকা। মোট পেনশনের ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি টাকায় ২৩০/- এবং ২য় অর্ধাংশের বিনিময় হার প্রতি টাকায় ১১৫/- টাকা। এই হিসেবে তার সম্পূর্ণ পেনশনের বিনিময়ে এককালীন আনুতোষিক হিসেবে এর প্রতি টাকায় ২৩০/- টাকা হিসেবে মোট (২১,৪২০ × ২৩০) = ৪৯,২৬,৬০০/- (উনপঞ্চাশ লক্ষ ছাব্বিশ হাজার ছয়শত) টাকা।

বাকী অর্ধাংশ (২১,৪২০ × ১১৫) = ২৪,৬৩,৩০০/- (চব্বিশ লক্ষ তেত্রিশ হাজার তিনশত) টাকা। (৪৯,২৬,৬০০ + ২৪,৬৩,৩০০) = ৭৩,৮৯,৯০০/- (তিয়াত্তর লক্ষ উননব্বই হাজার নয়শত) টাকা এককালীন অবসর ভাতা হিসেবে মঞ্জুর করা হলো। তিনি কোন মাসিক পেনশন গ্রহণ করেন না।

তিনি আনুতোষিকের সম্পূর্ণ অর্থ সোনালী ব্যাংক লিঃ, কাষ্টম হাউজ শাখা, খুলনা হতে উত্তোলন করবেন। তাঁর সঞ্চয়ী হিসাব নং-৩৪০২৭৩১৭ সরকারের রাজস্ব খাত হতে এ অর্থ ব্যয় হবে।

এমতাবস্থায়, প্রাক্তন ওয়ার্কশপ সুপার (মেকানিক্যাল), জনাব প্রশান্ত কুমার বিশ্বাস এর পেনশনের সম্পূর্ণ অংশের বিনিময়ে ৭৩,৮৯,৯০০/- (তিয়াত্তর লক্ষ উননব্বই হাজার নয়শত) টাকা এককালীন আনুতোষিক মঞ্জুর করা হল এবং উক্ত আনুতোষিক প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত :

১।	নির্ধারিত ফর্মে আবেদন পত্র	:	১ কপি
২।	চাকুরী বহি	:	১ খানা
৩।	পাসপোর্ট সাইজের ছবি	:	১ কপি
৪।	চাকুরীর বিবরণী	:	১ কপি
৫।	পি আর এল এর মঞ্জুরী পত্র	:	১ কপি
৬।	ই,এল,পি,সি	:	১ কপি
৭।	না-দাবী সনদ পত্র	:	১ কপি
৮।	বৈধ উত্তরাধিকারী ঘোষণা পত্র	:	১ কপি
৯।	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ	:	১ কপি
১০।	জাতীয়তা সনদ পত্র	:	১ কপি
১১।	অঙ্গিকার নামা	:	১ কপি
১২।	সরকারী পাওনা নাই/বিভাগীয় মামলা নাই/ অডিট আপত্তি নাই মর্মে প্রত্যয়ন পত্র	:	১ সেট

স্বাক্ষরিত/-

(ড. শেখ আবু রেজা)

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ও

পরিচালক (প্রশাসন) এর রুটিন দায়িত্ব

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক


বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.১৩.০১০(অংশ-১).১৬- ৪৮৭

তারিখঃ ২৭/০৮/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। অধ্যক্ষ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সি টি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। জনাব প্রশান্ত কুমার বিশ্বাস, প্রাক্তন ওয়ার্কশপ সুপার (মেকানিক্যাল), খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৪। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল)
সহকারী পরিচালক-২